প্রশ্ন–৬ ➤ যদি (i) $\left(2x + \frac{a}{x^3}\right)^{10}$ (ii) $(a + 3x)^n$ দুইটি বীজগণিতীয় রাশি।

ক. (ii) এর বিস্তৃতির প্রথম চারটি পদ নির্ণয় কর। ২

খ. (i) এর বিস্তৃতির x^{10} ও x^{-20} এর সহগ সমান হলে দেখাও যে, $a = 2$ ৪

গ. (ii) এর বিস্তৃতির প্রথম তিনটি পদের মান যথাক্রমে P, $\frac{21}{2}$ px ও 189 qx^2 হলে p ও q এর মান নির্ণয় কর। ৪

৬ নং প্রশ্নের সমাধান

ক. $\left(2x^2 + \frac{a}{x^3}\right)^{10}$ এর বিস্তৃতি $= (2x^2)^{10} + {}^{10}C_1(2x^2)^9\left(\frac{a}{x^3}\right) + {}^{10}C_2(2x^2)^8\left(\frac{a}{x^3}\right)^2 + {}^{10}C_3(2x^2)^7\left(\frac{a}{x^3}\right)^3 + \ldots\ldots..$

$= 2^{10}x^{10} + 10.2^9\, x^{18}\frac{a}{x^3} + \frac{10 \times 9}{2.1}.2^8x^{16}\frac{a^2}{x^6} + \frac{10 \times 9 \times 8}{3 \times 2 \times 1}\, 2^7x^{14}\frac{a^3}{x^9} + \ldots\ldots.$

$= 1024x^{20} + 5120x^{15}a + 11520a^2x^{10} + 15360a^3x^5 + \ldots\ldots$

$\left(2x^2 + \frac{a}{x^3}\right)^{10}$ এর বিস্তৃতির ১ম চারটি পদ হলো,

$1024x^{20}$, $5120x^{15}a$, $11520a^2x^{10}$ এবং $15360a^3x^5$

খ. 'ক' থেকে পাই, x^{10} এর সহগ $= 11520a^2$

ধরি, উক্ত বিস্তৃতির (r + 1) তম পদে x^{-20} বিদ্যমান।

$\therefore\ T_{r+1} = {}^{10}C_r(2x^2)^{10-r}\left(\frac{a}{x^3}\right)^r = {}^{10}C_r2^{10-r}.x^{20-2r}.a^r.x^{-3r}$

$= {}^{10}C_r2^{10-r}.a^r.x^{20-2r-3r}$

প্রশ্নানুযায়ী,

$20 - 2r - 3r = -20$

বা, $20 - 5r = -20$

বা, $20 + 20 = 5r$

বা, $40 = 5r$

$\therefore\ r = 8$

অতএব, (r + 1) বা, (8 + 1) বা, 9তম পদে x^{-20} আছে।

$\therefore$ 9তম পদের সহগ = ${}^{10}C_8 2^{10-8} a^8$

$= {}^{10}C_{10-8} 2^2 a^8$

$= {}^{10}C_2 4a^8$

$= \dfrac{10 \times 9}{2} \times 4.a^8$

$= 180a^8$

যেহেতু x^{10} ও x^{-20} এর সহগ সমান

সেহেতু, $180a^8 = 11520a^2$

বা, $a^8 = \dfrac{11520a^2}{180}$

বা, $a^6 = 64 = 2^6$

$\therefore$ $a = 2$ **(দেখানো হলো)**

গ. 'খ' থেকে পাই, $a = 2$

$\therefore$ (ii) রাশিটি হলো $(2 + 3x)^n$

$\therefore$ $(2 + 3x)^n$ এর বিস্তৃতি $= 2^n + n.2^{n-1}.3x + \dfrac{n(n-1)}{2}. 2^{n-2}(3x)^2 + ...$

$= 2^n + 2^{n-1}.3nx + \dfrac{9n(n-1)}{2} 2^{n-2}.x^2 + ...$

শর্তানুযায়ী, $p = 2^n$ ....(i)

$\dfrac{21}{2}px = 2^{n-1}.x^2$.............................(ii)

এবং $189qx^2 = \dfrac{9(n-1)n}{2}. 2^{n-2}x^2$ .... (iii)

(i) নং হতে পাই, $\dfrac{3.7px}{2} = 3nx.2^{n-1}$

বা, $\dfrac{7p}{2} = n.2^{n-1}$

বা, $7p = n.2^{n-1}.2$

বা, $7p = n.2^n$

বা, $7p = n.2^n$

বা, $7.2^n = n.2^n$ [1 হতে পাই]

বা, $\frac{7.2^n}{2^n} = n$

$\therefore\ n = 7$

(i) নং হতে পাই, $p = 2^7 = 128$

(ii) নং হতে পাই, $189qx^2 = \frac{9n(n-1)}{2}.2^{n-2}.x^2$

বা, $q = \frac{9.7(7-1).2^{7-2}}{2 \times 189}$

বা, $q = \frac{9.7.6.2^5}{2 \times 189}$

বা, $q = \frac{378.2^5}{378}$

বা, $q = 2^5 = 32$

$\therefore\ q = 32$

অতএব p ও q এর নির্ণেয় মান যথাক্রমে 128 ও 32।

প্রশ্ন–৭ **$(p + 2x)^n$** একটি দ্বিপদী রাশি।

ক. রাশিটির x^{n-3} এর সহগ কত? ২

খ. $(p + 2x)^5$ কে বিস্তৃতি কর। ৪

গ. উক্ত বিস্তৃতিতে x^3 এর সহগ 320 হলে P এর মান কত? ৪

৭ নং প্রশ্নের সমাধান

ক. $(p + 2x)^n$ এর বিস্তৃতিতে r তম পদ $^nC_{r-1}\, P^{n-r}(2x)^{r-1}$

$\therefore\ n-2$ তম পদ $= {^nC_{n-3}}\, P^{n-(n-2)}(2x)^{n-3}$

$= {^nC_{n-3}}\, P^{n-n+2}\, 2^{n-3}\, x^{n-3}$

$= {^nC_{n-3}}\, P^2\, 2^{n-3}\, x^{n-3}$

$\therefore x^{n-3}$ এর সহগ $^nC_{n-3}\, P^2\, 2^{n-3}$

খ. $(p + 2x)^5 = p^5 + {^5C_1}\, P^{5-1}(2x) + {^5C_2}P^{5-2}\,(2x)^2$

$+ {^5C_3}P^{5-3}(2x)^3 + {^5C_4}P^{5-4}(2x)^4 + {^5C_5}P^0(2x)^5$

$= P^5 + 10p^4x + 40p^3x^2 + 80p^2x^3 + 80px^4 + 32x^5.$

গ. ‘খ’ থেকে প্রাপ্ত x^3 এর সহগ $= 80p^2$

শর্তমতে $80p^2 = 320$

বা, $p^2 = \frac{320}{80}$

বা, $p^2 = 4$

$\therefore$ p = 2 **(Ans.)**

প্রশ্ন–৮ **$(b + 2x)^5$ একটি দ্বিপদী রাশি।**

ক. $(b + 2x)^5$ কে দ্বিপদীর সাহায্যে বিস্তৃত কর। ২

খ. বিস্তৃতির প্রথম তিন পদ নির্ণয় কর। ৪

গ. x^3 এর সহগ 320 হলে b এর মান কত? ৪

৮ নং প্রশ্নের সমাধান

ক. $(b + 2x)^5$

$= b^5 + 5c_1b^4 2x + 5c_2b^3(2x)^2 + 5c_3b^2(2x)^3 + 5c_4b(2x)^4 + 5c_5(2x)^5.$

খ. $(b + 2x)^5$

$= b^5 + 5c_1b^4(2x) + 5c_2b^3(2x)^2 + 5c_3b^2(2x)^3 + ...$

$= b^5 + 5b^4.2x + \frac{5!}{2!.3!} . b^3.4x^2 + \frac{5!}{3!. 2!} b^2 8x^3 + ...$

$= b^5 + 10xb^4 + 40x^2b^3 + 80x^3b^2 + ...$

গ. 'খ' হতে পাই,

x^3 এর সহগ = $80b^2$.

প্রশ্নমতে, $80b^2 = 320$

বা, $b^2 = 4$

$\therefore$ b = 2 **(Ans.)**

প্রশ্ন–৯ $\left(\mathbf{2x^2 + \frac{1}{2x}}\right)^n$

ক. n = 4 হলে দ্বিপদীটির তৃতীয় পদ কত? ২

খ. $\left(2x^2 + \frac{1}{2x}\right)^5$ কে প্রথম চার পদ পর্যন্ত বিস্তৃত কর। ৪

গ. দেখাও যে ধারাটির x বর্জিত পদ নেই। ৪

৯ নং প্রশ্নের সমাধান

ক. আমরা জানি, $(a + x)^n$ এর r তম পদ = $n_{C_{r-1}}\ a^{n-r}\ x^{r-1}$.

$\therefore \left(2x^2 + \frac{1}{2x}\right)^4$ এর তৃতীয় পদ

$= {}^4C_2(2x^2)^{4-3}\left(\frac{1}{2x}\right)^2$

$= {}^4C_2\ 2x^2 . \frac{1}{4x^2}$

$= 6. \frac{1}{2} = 3$ **(Ans.)**

খ. $\left(2x^2 + \frac{1}{2x}\right)^5$

$= (2x^2)^5 + {}^5C_1(2x^2)^{5-1}\left(\frac{1}{2x}\right) + {}^5C_2(2x^2)^{5-2}\left(\frac{1}{2x}\right)^2$

$+ {}^5C_3(2x^2)^{5-3}\left(\frac{1}{2x}\right)^3 + \ldots\ldots\ldots\ldots\ldots$

$= 32x^{10} + 5(2x^2)^4. \frac{1}{2x} + \frac{80x^6}{4x^2} + \frac{40x^4}{8x^3} + \ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots$

$= 32x^{10} + 40x^7 + 20x^4 + 5x + \ldots$ **(Ans.)**

গ. মনে করি,

দ্বিপদীটির (r + 1)তম পদ = x বর্জিত

$\therefore$ (r + 1)তম পদ = ${}^5C_r(2x^2)^{5-r}\left(\frac{1}{2x}\right)^r$

$= {}^5C_r\ 2^{5-r}.\ x^{10-2r}.x^{-r}.2^{-r}.$

$= {}^5C_r 2^{5-2r}\ x^{10-3r}$

শর্তমতে, $10 - 3r = 0$

বা, $3r = 10$

$\therefore\ r = \frac{10}{3}$

$\therefore$ x বর্জিত পদ = $\frac{10}{3} + 1 = \frac{13}{3}$ যা অসম্ভব।

$\therefore$ বিস্তৃতিতে x বর্জিত পদ নেই। **(দেখানো হলো)**

প্রশ্ন–১০ $\left(3x^2 - \frac{1}{2x}\right)^8$

ক. রাশিতে কয়টি মধ্যপদ থাকবে এবং কেন? ২

খ. রাশিটির মধ্যপদ ও তার মান নির্ণয় কর। ৪

গ. রাশিটি থেকে $(r + 1)$ তম পদ নির্ণয় কর। ৪

১০ নং প্রশ্নের সমাধান

ক. উক্ত রাশিতে একটি মধ্যপদ থাকবে। এখানে ঘাত বা সূচক $n = 8$ একটি জোড় সংখ্যা হওয়ায় এর একটি মধ্যপদ থাকবে।

খ. এখানে, $n = 8$ জোড় সংখ্যা

$\therefore$ মধ্যপদটি $= \left(\frac{n}{2} + 1\right)$ তম পদ

$= \left(\frac{8}{2} + 1\right)$ তম পদ

$= (4 + 1)$ তম পদ

$= 5$ তম পদ

$\therefore$ 5তম পদ $= {}^8C_4(3x^2)^{8-4}\left(-\frac{1}{2x}\right)^4$

$= {}^8C_4 81x^8(-1)^4\, 2^{-4}.x^{-4}$

$= \frac{2835}{8}\, x^4$

গ. $(r + 1)$ তম পদ $= {}^8C_r(3x^2)^{8-r}\left(-\frac{1}{2x}\right)^r$

$= {}^8C_r\, 3^{8-r}.\, x^{16-2r}(-1)^r.\, 2^{-r}.x^{-r}$

$= (-1)^r.\, {}^8C_r\, 3^{8-r},\, x^{16-3r},\, 2^{-r}.$

প্রশ্ন–১১ $(1 + x)^7$.

ক. রাশিটির বিস্তৃতি নির্ণয় কর। ২

খ. $(1 - x)^8(1 + x)^7$ এর বিস্তৃতি লেখ। ৪

গ. $(1 - x)^8(1 + x)^7$ এর বিস্তৃতিতে x^3 ও x^7 এর সহগ নির্ণয় কর। ৪

১১ নং প্রশ্নের সমাধান

ক. দ্বিপদী উপপাদ্য ব্যবহার করে পাই,

$$(1 + x)^7 = {}^7C_0x^0 + {}^7C_1x^1 + {}^7C_2x^2 + {}^7C_3x^3 + {}^7C_4x^4.$$

$$= 1 + 7x + 21x^2 + 35x^3 + 35x^4 + ... \textbf{ (Ans.)}$$

খ. $(1 + x)^7(1 - x)^8 = (1 - x)^7(1 - x)(1 + x)^7$

$$= (1 - x)(1 - x^2)^7 = (1 - x)\{1 + (-x^2)\}^7$$

$$= (1 - x)\left[1 + {}^7C_1(-x^2) + {}^7C_2(-x^2)^2 + {}^7C_3(-x^2)^3 + {}^7C_4(-x^2)^4 + ...\right]$$

$$= (1 - x)(1 - 7x^2 + 21x^4 - 35x^6 + 35x^8 + ...1)$$

$$= (1 - 7x^2 + 21x^4 - 35x^6 + 35x^8 + ...) - (x - 7x^3 + 21x^5 - 35x^7 + 35x^9)$$

$$= 1 - x - 7x^2 + 7x^3 + 21x^4 - 21x^5 - 35x^6 + 35x^7 + 35x^8 - 35x^9 \ .... \textbf{ (Ans.)}$$

গ. "খ" হতে পাই

$$(1 - x)^8(1 + x)^7 = 1 - x - 7x^2 + 7x^3 + 21x^4 - 21x^5 - 35x^6 + 35x^7 + 35x^8 - 35x^9 \ ....$$

$\therefore$ x^3 এর সহগ = 7 এবং

x^7 এর সহগ = 35. **(Ans.)**

প্রশ্ন–১২ $\left(x^2 - 2 + \dfrac{1}{x^2}\right)^6$

ক. সাধারণ পদের মান কত? ২

খ. x বর্জিত পদ ও তার মান নির্ণয় কর। ৪

গ. $(1 + x)^{44}$ এর বিস্তৃতিতে 21 ও 22তম পদ দুটি সমান হলে x এর মান কত? ৪

১২ নং প্রশ্নের সমাধান

ক. $\left(x^2 - 2.x.\frac{1}{x} + \frac{1}{x^2}\right)^6 = \left(x - \frac{1}{x}\right)^{12}$

এর সাধারণ পদ $(r + 1) = {}^{12}C_r\, x^{12-r} \frac{(-1)^r}{x^r}$

$= (-1)^r.\ {}^{12}C_r x^{12-2r}$. **(Ans.)**

খ. মনে করি, $(r + 1)$ তম পদটি x বর্জিত

'ক' থেকে $(r + 1)$ তম পদ $= (-1)^r\ .{}^{12}C_r x^{12-2r}$

শর্তমতে, $12 - 2r = 0$

বা, $2r = 12$

$\therefore\ r = 6$

$\therefore\ (6 + 1) = 7$ তম পদটি x বর্জিত, এর মান

$= (-1)^6\ {}^{12}C_6$

$= 924$ **(Ans.)**

গ. $(1 + x)^{44}$ এর বিস্তৃতিতে,

21 তম পদ $= {}^{44}C_{20}\ x^{20}$ ....(i)

22 তম পদ $= {}^{44}C_{21}\ x^{21}$ ....(ii)

শর্তমতে, ${}^{44}C_{20}\ x^{20} = {}^{44}C_{21}\ x^{21}$

বা, $\frac{44!}{20!\ 24!} = \frac{44!}{21!\ 23!}\ x$

বা, $\frac{1}{24} = \frac{x}{21}$

বা, $x = \frac{21}{24}$

$\therefore\ x = \frac{7}{8}$ **(Ans.)**

প্রশ্ন–১৩ $\mathbf{P = (1 + x)\left(1 + \frac{1}{x}\right)^8}$ **.........(i)**

$\mathbf{Q = \left(2x^2 - \frac{1}{2x^3}\right)^{10}}$ **..........(ii)**

? ক. (i) কে x^{-3} পর্যন্ত বিস্তৃত কর। ২

খ. ‘ক’ থেকে প্রাপ্ত ফলাফল ব্যবহার করে

$11 \times (1.1)^8$ এর মান নির্ণয় কর। ৪

গ. (ii) এর বিস্তৃতি থেকে x^0 এর সহগ নির্ণয় কর। ৪

১৩ নং প্রশ্নের সমাধান

ক. $(1 + x)\left(1 + \frac{1}{x}\right)^8$

$= (1 + x)\left[{}^8C_0\left(\frac{1}{x}\right)^0 + {}^8C_1\left(\frac{1}{x}\right)^1 + {}^8C_2\left(\frac{1}{x}\right)^2 + {}^8C_3\left(\frac{1}{x}\right)^3 + {}^8C_4\left(\frac{1}{x}\right)^4 + ...\right]$

$= (1 + x)\left(1 + 8.\frac{1}{x} + 28.\frac{1}{x^2} + 56.\frac{1}{x^3} + 70.\frac{1}{x^4} + ...\right)$

$= \left(1 + \frac{8}{x} + \frac{28}{x^2} + \frac{56}{x^3} + ...\right) + \left(x + 8 + \frac{28}{x} + \frac{56}{x^2} + \frac{70}{x^3} + ...\right)$

$= \left(9 + x + \frac{36}{x} + \frac{84}{x^2} + \frac{126}{x^3} + ...\right)$ **(Ans.)**

খ. ‘ক’ হতে পাই, $\left(9 + x + \frac{36}{x} + \frac{84}{x^2} + \frac{126}{x^3} + ...\right)$

এখন $x = 10$ বসিয়ে পাই,

$(1 + 10) \times \left(1 + \frac{1}{10}\right)^8 = 9 + 10 + \frac{36}{10} + \frac{84}{(10)^2} + \frac{1026}{(10)^3} + ...$

বা, $11 \times (1 + .1)^8 = 19 + 3.6 + .84 + 1.026 +$

বা, $11 \times (1.1)^8 = 24.466$ **(Ans.)**

গ. মনে করি, $(r + 1)$ তম পদে x^0 এর সহগ বিদ্যমান।

$\therefore$ $(r + 1)$ তম পদ $= {}^{10}C_r\,(2x^2)^{10-r}\left(-\frac{1}{2x^3}\right)^r$

$= {}^{10}C_r.\left(-\frac{1}{2}\right).\, 2^{10-r}.\, x^{20-5r}$

শর্তমতে, $20 - 5r = 0$

বা, $r = \frac{20}{5}$

$\therefore r = 4$

$\therefore x^0$ এর সহগ ${}^{10}C_4\left(-\frac{1}{2}\right)^4 . 2^{10-4} = {}^{10}C_4 . \frac{1}{2^4} . 2^6$

$= 4 \times 210$

$= 840$ **(Ans.)**

প্রশ্ন–১৪ **$A = (2x + 3y)^5$ ....(i)**

$B = (1 + x)(a - bx)^{12}$..........(ii)

$C = (2x - 3y)^5$ ....(iii)

ক. A এর বিস্তৃতি নির্ণয় কর। ২

খ. B এর বিস্তৃতিতে x^8 এর সহগ 0 হলে $\frac{a}{b}$ এর মান নির্ণয় কর। ৪

গ. দেখাও যে যদি $x = \frac{3}{2}$ এবং $y = \frac{2}{3}$ হয় তাহলে (iii) বিস্তৃতিটির বিজোড় পদগুলোর যোগফল, জোড় পদগুলোর যোগফল অপেক্ষা বেশি। ৪

১৪ নং প্রশ্নের সমাধান

ক. $(2x + 3y)^5$

$= (2x)^5 + {}^5C_1(2x)^4 . 3y + {}^5C_2(2x)^3(3y)^2$

$+ {}^5C_3(2x)^2(3y)^3 + {}^5C_4(2x)(3y)^4 + (3y)^5.$

$= 32x^5 + 240x^4y + 720x^3y^2 + 1080x^2y^3 + 810xy^4 + 243y^5$ **(Ans.)**

খ. $(1 + x)(a - bx)^{12}$

$= (1 + x)\{a^{12} + {}^{12}C_1a^{11}(-bx) + {}^{12}C_2a^{10}(-bx)^2$

$+ {}^{12}C_3a^9(-bx)^3 + {}^{12}C_4a^8(-bx)^4 + {}^{12}C_5a^7(-bx)^5$

$+ {}^{12}C_6a^6(-bx)^6 + {}^{12}C_7a^5(-bx)^7 + {}^{12}C_8a^4(-bx)^8 + ...\}$

$= \{a^{12} + {}^{12}C_1a^{11}(-bx) + {}^{12}C_2a^{10}(-bx)^2 + {}^{12}C_3a^9(-bx)^3$

$+ {}^{12}C_4a^8(-bx)^4 + {}^{12}C_5a^7(-bx)^5 + {}^{12}C_6a^6(-bx)^6 + {}^{12}C_7a^5(-bx)^7$

$+ {}^{12}C_8a^4(-bx)^8 + ...\}$

$= \{a^{12}x + {}^{12}C_1a^{11}(-bx^2) + {}^{12}C_2\,a^{10} + b^2x^3 - {}^{12}C_3\,a^9b^3x^4$

$+ {}^{12}C_4\,a^8b^4x^5 - {}^{12}C_5a^7b^5x^5 + {}^{12}C_6a^6b^6x^7 - {}^{12}C_7a^5b^7x^8 + ...\}$

x^8 এর সহগ = ${}^{12}C_8a^4b^8 - {}^{12}C_7a^5b^7$.

শর্তমতে, ${}^{12}C_8a^4b^8 - {}^{12}C_7a^5b^7 = 0$

বা, $\frac{{}^{12}C_8}{{}^{12}C_7} = \frac{a^5b^7}{a^4b^8}$

বা, $\frac{5}{8} = \frac{a}{b}$

$\therefore \frac{a}{b} = \frac{5}{8}$ **(Ans.)**

গ. $(2x - 3y)^5$

মনে করি

বিজোড় পদগুলোর যোগফল = s_1 এবং

জোড় পদগুলোর যোগফল = s_2

$(2x - 3y)^5 = s_1 - s_2$

বা, $s_1 - s_2 = \left(2.\frac{3}{2} - 3.\frac{2}{3}\right)^5 [\because x = \frac{3}{2}, y = \frac{2}{3}]$

$= (3 - 2)^5 = 1$ **(Ans.)**

প্রশ্ন–১৫ ▸ **দুটি দ্বিপদী রাশি যথাক্রমে $\mathbf{M = \left(x + \frac{2}{x}\right)^8}$ এবং $\mathbf{N = (1 + ax)^2}$ যেখানে $\mathbf{a \neq 0}$.**

ক. $a = 1$ হলে, N এর বিস্তৃতিতে সহগগুলোর সমষ্টি নির্ণয় কর। ২

খ. N এর বিস্তৃতিতে x^3 এবং x^4 এর সহগ পরস্পর সমান হলে a এর মান নির্ণয় কর। ৪

গ. দেখাও যে, M এর বিস্তৃতিতে মধ্যপদের মান 1120. ৪

১৫ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে,

$$N = (1 + ax)^7$$

$a = 1$ হলে, $N = (1 + x)^7$

$(1 + x)^7$ এর বিস্তৃতিতে সহগগুলোর সমষ্টি $= (1 + 1)^7$

$= 2^7 = 128$ **(Ans.)**

খ. $N = (1 + ax)^7$

$(1 + ax)^7$ এর বিস্তৃতিতে $= 1^7 + {}^7C_1.1^6ax + {}^7C_2.1^5(ax)^2$

$+ {}^7C_3.1^4(ax)^3 + {}^7C_4.1^5.(ax)^4 + \ldots\ldots..$

$= 1 + 7ax + 21a^2x^2 + 35a^3x^3 + 35a^4x^4 + \ldots\ldots.$

এখানে, x^3 এর সহগ $= 35a^3$

এবং x^4 এর সহগ $= 35a^4$

প্রশ্নমতে, $35a^4 = 35a^3$

$\therefore a = 1$

নির্ণেয় মান $a = 1$

গ. $M = \left(x + \frac{2}{x}\right)^8$

এখানে, M এর বিস্তৃতিতে $n = 8$ জোড় সংখ্যা

$\therefore \left(\frac{8}{2} + 1\right)$ তম বা $(4 + 1)$ তম পদ মধ্যপদ,

$\therefore$ (4 + 1) তম পদ = $^8C_4.(x)^{8-4}.\left(\frac{2}{x}\right)^4$

$= {}^8C_4.x^4\frac{2^4}{x^4}$

$= 2^4.\ {}^8C_4$

$= 16 \times 70$

$= 1120$ (দেখানো হলো)

প্রশ্ন–১৬ $\left(2x^2 + \frac{a}{x^3}\right)^{10}$ **একটি দ্বিপদী রাশি।**

ক. দ্বিপদী উপপাদ্যের সাধারণ আকার লেখ। ২

খ. $\left(2x^2 + \frac{a}{x^3}\right)^{10}$ কে বিস্তৃত কর। ৪

গ. $\left(2x^2 + \frac{a}{x^3}\right)^{10}$ এর বিস্তৃতিতে x^5 এবং x^{15} এর সহগদ্বয় সমান হলে, a এর ধনাত্মক মান নির্ণয় কর। ৪

১৬ নং প্রশ্নের সমাধান

ক. $(x + y)^n = x^n + \binom{n}{1} x^{n-1} y + \binom{n}{2} x^{n-2}y^2 + \binom{n}{3} x^{n-3}y^3 + \ldots\ldots + y^n.$

খ. $\left(2x^2 + \frac{a}{x^3}\right)^{10} = (2x^2)^{10} + \binom{10}{1} (2x^2)^{10-1} \left(\frac{a}{x^3}\right)^1 + \binom{10}{2} (2x^2)^{10-2}\left(\frac{a}{x^3}\right)^2 + \binom{10}{3} (2x^2)^{10-3}\left(\frac{a}{x^3}\right)^3\binom{10}{4}(2x^2)^{10-4} \left(\frac{a}{x^3}\right)^4 + \binom{10}{5}(2x^2)^{10-5}\left(\frac{a}{x^3}\right)^5 + \binom{10}{6}(2x^2)^{10-6}\left(\frac{a}{x^3}\right)^6 \binom{10}{7}(2x^2)^{10-7}\left(\frac{a}{x^3}\right)^7 + \binom{10}{8}(2x^2)^{10-8}\left(\frac{a}{x^3}\right)^8 + \binom{10}{9} (2x^2)^{10-9}\left(\frac{a}{x^3}\right)^9 + \binom{10}{10}(2x^2)^{10-10}\left(\frac{a}{x^3}\right)^{10}$

$= 1024x^{20} + 10.512.x^{18}.\frac{a}{a^3} + 45.256.x^{16}.\ \frac{a^2}{x^6}$

$$+ 120\cdot128\cdot x^{14}\cdot\frac{a^3}{x^9} + 210.64.x^{12}\cdot\frac{a^4}{x^{12}}$$

$$+ 252\cdot32\cdot x^{10}\,\frac{a^5}{x^{15}} + 210\cdot16\cdot x^{18}\cdot\frac{a^6}{x^{18}} + 120\cdot8\cdot x^6\cdot\frac{a^7}{x^{21}}$$

$$+ 45\cdot4\cdot x^4\cdot\frac{a^8}{x^{24}} + 10.2.x^2.\frac{a^9}{x^{27}} + \frac{a^{10}}{x^{30}}$$

$$= 1024x^{20} + 5120ax^{15} + 11520a^2x^{10}$$

$$+ 15360a^3x^5 + 13440a^4 + 8064\frac{a^5}{x^5} + 3360\,\frac{a^6}{x^{10}}$$

$$+ 960\cdot\frac{a^7}{x^{15}} + 180\cdot\frac{a^8}{x^{20}} + 20\cdot\frac{a^9}{x^{25}} + \frac{a^{10}}{x^{30}}.$$ **(Ans.)**

গ. $\left(2x^2 + \frac{a}{x^3}\right)^{10}$ এর বিস্তৃতিতে সাধারণ পদ বা, $(r + 1)$ তম পদ $= {}^{10}C_r(2x^2)^{10-r}\left(\frac{a}{x^3}\right)^r = {}^{10}C_r2^{10-r}a^rx^{20-5r}$

যদি $(r + 1)$ তম পদে x^5 থাকে, তবে $20 - 5r = 5$, অর্থাৎ $r = 3$

আবার, যদি $(r + 1)$ তম পদে x^{15} থাকে, তবে $20 - 5r = 15$, অর্থাৎ $r = 1$ সুতরাং x^5 এবং x^{15} এর সহগদ্বয় পরস্পর সমান হলে,

${}^{10}C_3\cdot2^{10-3}\cdot a^3 = {}^{10}C_1\cdot2^{10-1}\cdot a$

বা, $\frac{10\times9\times8}{3\times2}\cdot2^7\cdot a^3 = 10\cdot2^9a$

বা, $a^2 = \frac{1}{3}$

$\therefore\ a = \frac{1}{\sqrt{3}}$ [ধনাত্মক মান নিয়ে] **(Ans.)**

প্রশ্ন–১৭ $A = \left(2x^2 + \frac{1}{2x}\right)^8$

ক. দেখাও যে, ${}^8C_5 = {}^8C_3$ ২

খ. A এর বিস্তৃতিতে মধ্যপদ নির্ণয় কর। ৪

গ. Ax^2 এর বিস্তৃতিতে x বর্জিত পদ বিদ্যমান কিনা তা গাণিতিক যুক্তির মাধ্যমে উপস্থাপন কর। ৪

১৭ নং প্রশ্নের সমাধান

ক. বামপক্ষ $= {}^8C_5$

$$= \frac{8!}{5!(8-5)!} \quad \left[\because {}^nC_r = \frac{n!}{r!(n-r)!}\right]$$

$$= \frac{8!}{5!3!}$$

$$= \frac{8 \times 7 \times 6 \times 5!}{5! \times 3 \times 2 \times 1}$$

$$= 56$$

বামপক্ষ = ${}^8C_3$

$$= \frac{8!}{3!(8-3)!}$$

$$= \frac{8 \times 7 \times 6 \times 5!}{3! \times 5!}$$

$$= \frac{8 \times 7 \times 6}{3 \times 2 \times 1}$$

$$= 56$$

$\therefore$ বামপক্ষ = ডানপক্ষ

অর্থাৎ, ${}^8C_5 = {}^8C_3$ (দেখানো হলো)

খ. দেওয়া আছে,

$$A = \left(2x^2 - \frac{1}{2x}\right)^8$$

এখানে, $n = 8$ [জোড় সংখ্যা]

$\therefore$ A এর বিস্তৃতিতে মধ্যপদ হবে = $\left(\frac{n}{2} + 1\right)$ তমপদ

$= \left(\frac{8}{2} + 1\right)$ তমপদ

$= (4 + 1)$ তমপদ

$= 5$ তমপদ

$\therefore$ A বিস্তৃতির 5 তমপদ = $\binom{8}{4} (2x^2)^{8-4} \left(\frac{-1}{2x}\right)^4$

$$= \frac{8!}{4!(8-4)!} (2x^2)^4 \left(\frac{-1}{2x}\right)^4$$

$$= \frac{8!}{4!4!} \cdot 16 \times x^8 \cdot \frac{1}{16 \cdot x^4}$$

$$= \frac{8!}{4!4!} \cdot x^{8-4}$$

$$= \frac{8 \times 7 \times 6 \times 5 \times 4!}{4! \times 4 \times 3 \times 2 \times 1} \cdot x^4$$

$$= \frac{1680}{24} \cdot x^4 = 70x^4 \text{ (Ans.)}$$

গ. $A = \left(2x^2 - \frac{1}{2x}\right)^8 = {}^8C_0(2x^2)^8 + {}^8C_1(2x^2)^7\left(-\frac{1}{2x}\right)^1 + {}^8C_2\,(2x^2)^6\left(-\frac{1}{2x}\right)^2 + {}^8C_3(2x^2)^5\left(-\frac{1}{2x}\right)^3 + {}^8C_4(2x^2)^4\left(-\frac{1}{2x}\right)^4 + {}^8C_5\,(2x^2)^3\left(-\frac{1}{2x}\right)^5 + {}^8C_6(2x^2)^2\left(-\frac{1}{2x}\right)^6 + \ldots\ldots\ldots\ldots\ldots\ldots$

$$= \frac{8!}{0!(8-0)!} \times 2^8 \cdot x^{16} - \frac{8!}{1!(8-1)!} \times 2^7 \cdot x^{14} \times \frac{1}{2x} + \frac{8!}{2!(8-2)!} \times 2^6 \times x^{12} \times \frac{1}{4x^2} - \frac{8!}{3!(8-3)!} \times 2^5 \times x^{10} \times \frac{1}{8 \times x^3} + \frac{8!}{4!(8-4)!}\, 2^4 \times x^8 \times \frac{1}{2^4 \times x^4} - \frac{8!}{5!(8-5)!} \times 8 \times x^6 \times \frac{1}{2^5 \times x^5} + \frac{8!}{6!(8-6)!} \times 4 \times x^4 \times \frac{1}{2^6 \times x^6} + \ldots\ldots\ldots\ldots$$

এখন, $Ax^2 = \left(2x^2 - \frac{1}{2x}\right)^8 x^2$

$$= 256x^{18} - 512x^{15} + 448x^{12} - 224x^9 + 70x^6 - 14x^3 + \frac{7}{4} \ldots.$$

$\therefore$ Ax^2 এর বিস্তৃতিতে x বর্জিত পদ বিদ্যমান।

$\therefore$ বর্জিত পদটি হল 7 তম পদ। **(Ans.)**

প্রশ্ন–১৮ $\mathbf{p = \left(a + \frac{x}{2}\right)^8}$

$\mathbf{Q = \left(2x^2 - \frac{1}{2x}\right)^8}$

ক. একটি ধারার n তম পদ $= 2^{n-1}$ ধারাটি লেখ এবং দেখাও যে, এর অসীমতক সমষ্টি নেই। ২

খ. P এর বিস্তৃতিতে প্রথম তিনটি পদ যথাক্রমে b, 512x এবং cx^2 হলে a, b ও c এর মান নির্ণয় কর। ৪

গ. Q এর বিস্তৃতিতে মধ্যপদ নির্ণয় কর। ৪

১৮ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে,

ধারার n তম পদ = 2^{n-1}

$\therefore$ ধারাটির ১ম পদ = $2^{1-1} = 2^0 = 1$

২য় পদ = $2^{2-1} = 2^1 = 2$

৩য় পদ = $2^{3-1} = 2^2 = 4$

নির্ণেয় ধারাটি, 1 + 2 + 4 + ... **(Ans.)**

এখানে, সাধারণ অনুপাত $r = \frac{2}{1} = 2$

$\therefore |r| = |2| = 2 \nless 1$

$\therefore$ ধারাটির অসীমতক সমষ্টি নেই। **(দেখানো হলো)**

খ. এখানে, $P = \left(a + \frac{x}{2}\right)^8$

$\therefore$ দ্বিপদী উপপাদ্য ব্যবহার করে পাই,

$P = \left(a + \frac{x}{2}\right)^8 = a^8 + \binom{8}{1} a^7 \left(\frac{x}{2}\right) + \binom{8}{2} a^6 \left(\frac{x}{2}\right)^2 + ...$

$= a^8 + 8a^7 \cdot \frac{x}{2} + \frac{8\cdot 7}{1\cdot 2} a^6 \cdot \frac{x^2}{4} + ...$

$= a^8 + 4a^7x + 7a^6x^2 + ...$

কিন্তু P এর বিস্তৃতির ১ম তিনটি পদ যথাক্রমে b, 512x এবং cx^2।

$b + 512x + cx^2 .... = a^8 + 4a^7x + 7a^6x^2 + ...(i)$

(i) নং এর উভয়পক্ষ হতে x এর সহগ সমীকৃত করে পাই,

$b = a^8 ....(ii)$

$512 = 4a^7$

বা, $a^7 = \frac{512}{4}$

বা, $a^7 = 128$

বা, $a^7 = 2^7$

$\therefore a = 2$

আবার, $c = 7a^6$

$= 7\cdot 2^6$ [a এর মান বসিয়ে]

$= 448$

a এর মান (ii) নং বসিয়ে পাই, $b = 2^8 = 256$

$\therefore$ a, b ও c এর মান যথাক্রমে 2,256 ও 448 **(Ans.)**

গ. দেওয়া আছে,

$$Q = \left(2x^2 - \frac{1}{2x}\right)^8$$

এখানে, n = 8 জোড়সংখ্যা। সুতরাং Q এর বিস্তৃতির মধ্যপদ হবে $\left(\frac{8}{2} + 1\right)$ বা (4 + 1) তম পদ।

$$\therefore \text{ Q এর বিস্তৃতির মধ্যপদ} = {}^8C_4\,(2x2)^{x-4}\left(-\frac{1}{2x}\right)^4$$

$$= 70\cdot 2^4\cdot x^8\,\frac{1}{2^4\cdot x^4}$$

$$= 70x^4 \text{ (Ans.)}$$

প্রশ্ন–১৯ **$(a + 2x)^5$ একটি দ্বিপদী।**

ক. a = 1 হলে, প্যাসেকেলের ত্রিভুজের সাহায্যে বিস্তৃতিটি নির্ণয় কর। ২

খ. প্রদত্ত দ্বিপদী বিস্তৃতিতে x^3 এর সহগ 320 হলে a মান কত হবে? ৪

গ. 'খ' হতে প্রাপ্ত a এর ঋণাত্মক মান বসিয়ে দ্বিপদীটির মধ্যপদ নির্ণয় কর। ৪

১৯ নং প্রশ্নের সমাধান

ক. প্যাসকেলের ত্রিভুজ :

n = 0   1

n = 1   1   1

n = 2   1   2   1

n = 3   1   3   3   1

n = 4   1   4   6   4   1

n = 5   1   5   10   10   5   1

এখন, প্যাসকেলের ত্রিভুজ ব্যবহার করে দ্বিপদীর বিস্তৃতি নির্ণয় করি।

$\therefore (a + 2x)^5 = (1 + 2x)^5$ [$\because$ a = 1]

$= 1 + .1.2x + 10.1(2x)^2 + 10.1(2x)^3 + 5.1(2x)^4 + (2x)^5$

$= 1 + 10x + 40x^2 + 80x^3 + 80x^4 + 32x^5$ **(Ans.)**

খ. মনে করি,

প্রদত্ত দ্বিপদীর বিস্তৃতিতে (r + 1) তম পদে x^3 বর্তমান।

এখন, (r + 1) তম পদ = $^5C_r a^{5-r}(2x)^r$

$= {^5C_r} a^{5-r} 2^r x^r$

$\because r = 3$

প্রশ্নমতে, $^5C_3 a^{5-3} 2^3 = 320$

বা, $10 \cdot 8a^2 = 320$

বা, $80a^2 = 320$

বা, $a^2 = \frac{320}{80}$

বা, $a^2 = 4$

$\therefore a = \pm 2$ **(Ans.)**

গ. দেওয়া আছে, $a = -2$ [‘খ’ হতে পাই]

$\therefore$ প্রদত্ত দ্বিপদীটি হয় = $(-2 + 2x)^5$

প্রদত্ত দ্বিপদীটির বিস্তৃতিতে মোট পদ সংখ্যা = (5 + 1) টি = 6টি

$\therefore$ 3, 4 নং পদ দুটি মধ্যপদ।

$\therefore$ 3তম পদ = $^5C_2(-2)^{5-2}(2x)^2$

$= 10(-2)^3 \cdot 4x^2$

$= -320x^2$

এবং 4 তম পদ = $^5C_3(-2)^{5-3}(2x)^3$

$= 10(-2)^2 \cdot 8x^3$

$= 10 \cdot 4 \cdot 8x^3$

$= 320x^3$

$\therefore (-2 + 2x)^5$ এর বিস্তৃতিতে মধ্যপদদ্বয় $-320x^2$, $320x^3$ **(Ans.)**

অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন–২৮ $A = \left(1 + \frac{x}{2}\right)^8$ এবং $B = \left(a - \frac{x}{3}\right)^7$, $a \neq 0$.

ক. A এর প্রথম চার পদ পর্যন্ত বিস্তৃত কর। ২

খ. B এর বিস্তৃতিতে a^3 এর সহগ 560 হলে x এর মান নির্ণয় কর। ৪

গ. x এর ঘাতের উর্ধ্বক্রম অনুসারে $(2-x)A$ কে x^3 পর্যন্ত বিস্তৃত কর। উক্ত ফলাফল ব্যবহার করে $1{\cdot}9 \times (1{\cdot}05)^8$ মান নির্ণয় কর। ৪

২৮ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $A = \left(1 + \frac{x}{2}\right)^8$

দ্বিপদী উপপাদ্য ব্যবহার করে পাই,

$$\left(1 + \frac{x}{2}\right)^8 = 1 + \binom{8}{1}\left(\frac{x}{2}\right) + \binom{8}{2}\left(\frac{x}{2}\right)^2 + \binom{8}{3}\left(\frac{x}{2}\right)^3 + ...$$

$$= 1 + 8{\cdot}\frac{x}{2} + \frac{8.7}{1.2}\cdot\frac{x^2}{4} + \frac{8.7.6}{1.2.3}\,\frac{x^3}{8} + ...$$

$$= 1 + 4x + 7x^2 + 7x^3 + ... \textbf{(Ans.)}$$

খ. দ্বিপদী উপপাদ্য ব্যবহার করে পাই,

$$\left(a - \frac{x}{3}\right)^7 = a^7 + {}^7C_1\, a^6\left(-\frac{x}{3}\right) + {}^7C_2\, a^5\left(-\frac{x}{3}\right)^2 + {}^7C_3\, a^4\left(-\frac{x}{3}\right)^3 + {}^7C_4\, a^3\left(-\frac{x}{3}\right)^4 + ...$$

$[a \neq 0]$

এখানে, বিস্তৃতিটির a^3 এর সহগ ${}^7C_4\left(-\frac{x}{3}\right)^4 = \frac{7.6.5.4}{1.2.3.4}\cdot\frac{x^4}{3^4} = \frac{35}{81}x^4$

প্রশ্নানুসারে, $\frac{35}{81}x^4 = 560$

বা, $x^4 = 560 \times \frac{81}{35}$

বা, $x^4 = 1296$

বা, $x^4 = (\pm 6)^4$

$\therefore\ x = \pm 6$ **(Ans.)**

গ. x এর ঘাতের উর্ধ্বক্রম অনুসারে $(2-x)$ A কে x^3 পর্যন্ত বিস্তৃত করতে হবে। অর্থাৎ $(2-x)\left(1 + \frac{1}{2}x\right)^8$ কে x^3 পর্যন্ত বিস্তৃত করতে হবে।

$\left[\text{‘ক’ হতে পাই } A = \left(1 + \frac{x}{2}\right)^8\right]$

[অনুশীলনী ১০·১ এর উদাহরণ ৭ নং দেখ]

প্রশ্ন–২৯ $(1-3x)^5$, $\left(1-\frac{x^2}{4}\right)^8$ এবং $\left(x^2+\frac{K}{x}\right)^6$ তিনটি দ্বিপদী রাশি।

ক. প্রথম দ্বিপদী রাশিকে বিস্তৃত কর। ২

খ. দ্বিপদী রাশির বিস্তৃতির x^3 ও x^6 এর সহগ নির্ণয় কর। ৪

গ. তৃতীয় রাশির বিস্তৃতিতে x^3 এর সহগ 160 হলে K এর মান কত হবে? ৪

২৯ নং প্রশ্নের সমাধান

ক. অনুশীলনী–১০·১ এর উদাহরণ ২ নং দেখ।

খ. অনুশীলনী–১০·১ এর উদাহরণ ৪ নং দেখ।

গ. দ্বিপদী উপপাদ্য ব্যবহার করে পাই,

$$\left(x^2+\frac{k}{x}\right)^6 = (x^2)^6 + {}^6C_1\,(x^2)^5\left(\frac{k}{x}\right) + {}^6C_2\,(x^2)^4\left(\frac{k}{x}\right)^2 + {}^6C_3\cdot(x^2)^3\cdot\left(\frac{k}{x}\right)^3 + \ldots\ldots\ldots\ldots\ldots$$

$$= x^{12} + {}^6C_1\,x^{10}\cdot\frac{k}{x} + {}^6C_2\,x^8\cdot\frac{k^2}{x^2} + {}^6C_3\,x^6\,\frac{k^3}{x^3} + \ldots\ldots\ldots\ldots\ldots$$

এখানে, বিস্তৃতিটির x^3 এর সহগ,

$${}^6C_3k^3 = \frac{6\cdot5\cdot4}{1\cdot2\cdot3}\cdot k^3 = 20k^3$$

প্রশ্নানুসারে, $20k^3 = 160$

বা, $k^3 = \frac{160}{20}$

বা, $k^3 = 8$

বা, $k^3 = 2^3$

$\therefore k = 2$ **(Ans.)**

প্রশ্ন–৩০ তিনটি বীজগাণিতিক রাশি নিম্নরূপ:

(i) 1 + x (ii) 1 – x (iii) 2x + 1

ক. (i) নং রাশির বর্গকে হর এবং (iii) নং রাশিকে লব ধরে গঠিত ভগ্নাংশকে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর। ২

খ. সূচকের মৌলিক সূত্রটি লেখ। (i) নং রাশিকে 4 এর সূচক এবং (ii) নং রাশিকে 4 এর সূচক ধরে গঠিত রাশিদ্বয়ের সমষ্টি 10 হলে, x এর মান নির্ণয় কর। ৪

গ. $(x + y)^n$ এর বিস্তৃতিতে (p + 1) তম পদ কত? (i) নং এবং (ii) নং রাশির গুণফলের সূচক n হলে, এর বিস্তৃতির চতুর্থ পদের সহগের সংখ্যাসূচক মান, তৃতীয় পদের সহগের দ্বিগুণ হয়। n এর মান নির্ণয় কর। ৪

৩০নং প্রশ্নের সমাধান

ক. (i) রাশির বর্গকে হর ও (iii) নং রাশিকে লব ধরে গঠিত ভগ্নাংশ

$$= \frac{2x + 1}{(1 + x)^2}$$

ধরি, $\frac{2x + 1}{(1 + x)^2} = \frac{A}{1 + x} + \frac{B}{(1 + x)^2}$ ....(i)

(i) নং এর উভয়পক্ষে $(1 + x)^2$ দ্বারা গুণ করে পাই–

$2x + 1 = A(1 + x) + B$ ....(ii)

(ii) নং এ $x = -1$ বসিয়ে পাই–

$2(-1) + 1 = A(1 - 1) + B$

বা, $-2 + 1 = B$

$\therefore B = -1$

(ii) নং–এ x এর সহগ সমীকৃত করে পাই,

$2x + 1 = A + Ax + B = Ax + (A + B)$

$\therefore A = 2$

$\frac{2x + 1}{(1 + x)^2}$ এর আংশিক ভগ্নাংশে প্রকাশ = $\frac{2}{1 + x} - \frac{1}{(1 + x)^2}$ **(Ans.)**

খ. সূচকের মৌলিক সূত্র : $a^m \cdot a^n = a^{m + n}$

(i) নং রাশিকে 4 সূচক ধরি = $4^{1 + x}$

(ii) নং রাশিকে 4 এর সূচক ধরি = $4^{1 - x}$

প্রশ্নমতে,

$4^{1+x} + 4^{1-x} = 10$

বা, $4 \cdot 4^x + \frac{4}{4^x} = 10$ $\left[\because a^{m+n} = a^m a^n, a^{m-n} = \frac{a^m}{a^n}\right]$

বা, $4 \cdot 4^x \cdot 4^x + 4 = 10 \cdot 4^x$

বা, $4(4^x)^2 - 10 \cdot 4^x + 4 = 0$

বা, $4a^2 - 10a + 4 = 0$ [$4^x = a$ ধরে]

বা, $4a^2 - 8a - 2a + 4 = 0$

বা, $4a(a-2) - 2(a-2) = 0$

বা, $(a-2)(4a-2) = 0$

হয় $a - 2 = 0$ অথবা, $4a - 2 = 0$

$\therefore$ $a = 2$ বা, $4a = 2$

$\therefore$ $a = \frac{1}{2}$

$a = 2$ হলে, $4^x = 2$

বা, $(4)^x = 4^{\frac{1}{2}}$ [$\because \sqrt{4} = 4^{\frac{1}{2}} = 2$]

$\therefore$ $x = \frac{1}{2}$

আবার, $a = \frac{1}{2}$ হলে, $4^x = \frac{1}{2}$

বা, $4^x = \frac{1}{\sqrt{4}}$

বা, $4^x = 4^{\frac{-1}{2}}$

$\therefore$ $x = -\frac{1}{2}$

নির্ণেয় সমাধান : $x = \frac{1}{2}, -\frac{1}{2}$

গ. $(x + y)^n$ এর বিস্তৃতিতে $(p + 1)$ তম পদ = ${}^nC_p . x^{n-p} \cdot y^p$. **(Ans.)**

(i) নং এবং (ii) নং রাশির গুণফলের সূচক n হলে,

রাশিটি = $\{(1 + x)(1 - x)\}^n = (1 - x^2)^n$

এখানে, $(1 - x^2)^n = {}^nC_0.1^{n-0}\cdot(-x^2)^0 + {}^nC_1.1^{n-1}(-x^2)^1 + {}^nC_2.1^{n-2}\cdot(-x^2)^2 + {}^nC_3.1^{n-3}\cdot(-x^2)^3 + \ldots\ldots\ldots\ldots\ldots\ldots$

এখানে, তৃতীয় পদের সহগের সংখ্যাসূচক মান = ${}^nC_2(-1)^2 = {}^nC_2$

চতুর্থ পদের সহগ = ${}^nC_3(-1)^3 = -\,{}^nC_3$

শর্তমতে, $2\cdot{}^nC_2 = {}^nC_3$

বা, $2\cdot\frac{n(n-1)}{1.2} = \frac{n(n-1)(n-2)}{1.2.3}$

বা, $2 = \frac{n-2}{3}$

$\therefore$ $n = 8$ **(Ans.)**